



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/16/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল পুলিশ অফিসারদের বিরুদ্ধে হিংসাত্মক অপরাধ দমনের জন্য আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.772A/A.6318B) একজন পুলিশ অফিসারকে হত্যা করা বা গুরুতরভাবে আহত করার জন্য সন্দেহভাজন ব্যক্তিদের সনাক্তকরণ, অবস্থান এবং গ্রেফতারে সহায়তা করার জন্য একটি নীল সতর্কতার ব্যবস্থা স্থাপন করে

গভর্নর হোকল পুলিশ অফিসারদের বিরুদ্ধে হিংসাত্মক অপরাধ দমনের জন্য আজ আইনে স্বাক্ষর করেছেন। আইন (S.772A/A.6318B) একজন পুলিশ অফিসারকে হত্যা করা বা গুরুতরভাবে আহত করার জন্য সন্দেহভাজন ব্যক্তিদের সনাক্তকরণ, অবস্থান এবং গ্রেফতারে সহায়তা করার জন্য একটি নীল সতর্কতার ব্যবস্থা স্থাপন করবে। আইন প্রয়োগকারীর বিরুদ্ধে সহিংস অপরাধের বিষয়ে জনসাধারণের কাছে তথ্য প্রচারের একটি ভাল উপায় তৈরি করে এই নতুন আইন অপরাধীদের ধরতে এবং রাজ্য জুড়ে জননিরাপত্তা উন্নত করতে সাহায্য করবে।

"যে ব্যক্তির আামাদের সেবা করেন এবং সুরক্ষা দেন তাদের সুরক্ষার জন্য আমরা একটি বিস্তৃত পস্থা নিচ্ছি, আইন প্রয়োগকারীর বিরুদ্ধে সহিংস অপরাধ দমন করার জন্য আমরা যথাসাধ্য ব্যবস্থা নিচ্ছি।" **গভর্নর হোকল বলেছেন।** "নিউ ইয়র্ক আইন প্রয়োগে আামাদের ভাই ও বোনদের সুরক্ষার জন্য সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই নতুন আইনটি আরও নিরাপদ সম্প্রদায় তৈরি করতে এবং যারা পুলিশ অফিসারদের বিরুদ্ধে সহিংস অপরাধ করে তাদের ধরতে গুরুত্বপূর্ণ হবে।"

আইন (S.772A/A.6318B) একজন পুলিশ অফিসারকে হত্যা করা বা গুরুতরভাবে আহত করার জন্য সন্দেহভাজন ব্যক্তিদের সনাক্তকরণ, অবস্থান এবং গ্রেফতারে সহায়তা করার জন্য একটি নীল সতর্কতার ব্যবস্থা স্থাপন করে। একটি নীল সতর্কতা জারি করা হয় আইন প্রয়োগকারী সংস্থা, মিডিয়া এবং জনসাধারণকে সেই সন্দেহভাজনদের সম্পর্কে অবহিত করার জন্য যারা পুলিশকে হত্যা করেছে, গুরুতরভাবে আহত করেছে বা তার উপর ঝুঁকি সৃষ্টি করেছে। একটি নীল সতর্কতার সিস্টেম তৈরি করা সেই অপরাধীদের ধরতে সাহায্য করবে যারা জনসাধারণের কাছে পুলিশ অফিসারদের বিরুদ্ধে অপরাধের তথ্য ছড়িয়ে দেওয়ার একটি ভাল উপায় প্রতিষ্ঠা করে জনসাধারণের নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট স্টিভেন এ. নিগ্‌লি বলেছেন, "আইন প্রয়োগ একটি বিপজ্জনক পেশা হিসাবে পরিচিত। যাইহোক, অফিসাররা এই পেশা বেছে নেন কারণ তারা জনসেবায়, অন্যদের সাহায্য করায় এবং জনসাধারণকে নিজেদের থেকে বেশি অগ্রাধিকার দেওয়ায় বিশ্বাস করেন। প্রতিটি পরিষেবা প্রদান করার ডাক তার নিজস্ব চ্যালেঞ্জগুলি নিয়ে আসে এবং অফিসাররা কখনই নিশ্চিতভাবে জানেন না যে তারা কীসের মুখোমুখি হবে। একটি নীল সতর্কতার ব্যবস্থা প্রতিষ্ঠা করার মাধ্যমে আমরা এমন ব্যক্তিদের থেকে আইন প্রয়োগকারীদের আরও ভালভাবে রক্ষা করতে পারি যারা অন্যদের সুরক্ষার জন্য তাদের জীবনকে প্রতিশ্রুতিবদ্ধ রাখা অফিসারদের ক্ষতি করতে চাইছে।"

বিধানসভার সদস্য স্টিভ স্টার্ন বলেছেন, "সেই আইন প্রয়োগকারী সাহসী পুরুষ এবং মহিলাদের সমর্থনে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ আইনটি স্পনসর করতে এবং পাস করতে পেরে আমি গর্বিত যারা আমাদের সকলকে সুরক্ষিত রাখতে এত বলিদান করে। নীল সতর্কতার সিস্টেমের দেশব্যাপী সাফল্যের একটি প্রমাণিত ট্র্যাক রেকর্ড রয়েছে এবং এটির বাস্তবায়ন নিউ ইয়র্ক রাজ্যে দীর্ঘ সময় ধরে বকেয়া আছে। এই আইনটি আমাদের সম্প্রদায়কে সুরক্ষিত করবে, অফিসারদের সুরক্ষা করবে এবং জীবনগুলিকে রক্ষা করবে। আমি আইনসভায় আমার সহকর্মীদের এই আইনী উদ্যোগকে সর্বসম্মতভাবে সমর্থন করার জন্য এবং গভর্নর হোকলকে এটি আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418